



নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

ই-মেইলঃ-narayanganjpbs2@gmail.com

Website:pbs2.narayanganj.gov.bd



স্মারক নং- ২৭.১২.৬৭৬৮.৫৭৯.০১.০৩৮.২৩. ৪৭২

তারিখঃ ০৯/০২/২০২৩খ্রিঃ

বিষয়ঃ ৫ম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে মঞ্চ, গেইট, প্রদর্শনী স্টল তৈরী করন ও ডেকোরেশনের মালামাল সরবরাহের জন্য (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান।

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ৩য় বার্ষিক সদস্য সভার জন্য পবিসের নিজস্ব তহবিলের আওতায় নিম্ন বর্ণিত মালামাল/প্যাভেল, গেইট ও স্টেজ তৈরী এবং প্লাস্টিকের চেয়ার ও অন্যান্য আনুষাঙ্গিক মালামাল ভাড়া সরবরাহের জন্য বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত (RFQ) দরপত্র আহবান করা যাইতেছে।


দরপত্র নং	ক্রঃ নং	বিবরণ	মালামালের পরিমাণ	দাখিলকৃত উদ্ধৃত মূল্যে (টাকা)	
				একক মূল্য	মোট মূল্য
৩৪/২২-২৩	১	প্যাভেল: ১টা (৮০'x২৭'), উপর ও তিন পার্শ্বে ঘেরা, ভিতরে ঝালট লাগানোসহ (সম্পূর্ণ প্যাভেল নতুন সাদা কাপড় হতে হবে)	২১৬০ বর্গফুট		
	২	ত্রিপল (যথাযথ পানি প্রতিরোধক হতে হবে)	২১৬০ বর্গফুট		
	৩	বুথ প্যাভেল (৪৫'x১২') (মাঝে ২টি পার্টিশন হবে)	১ টি		
	৪	গেইট: (নতুন সাদা কাপড়ের হতে হবে)নমুনা মোতাবেক	১ টি		
	৫	স্টেইজ: (১৫'x২৪'), নতুন লাল কার্পেট দ্বারা আচ্ছাদিত (নির্দেশনা মোতাবেক)	৩৬০ বর্গফুট		
	৬	চেয়ার: প্লাস্টিকের (নতুন মখমল কাপড়ের মেরুন/গোল্ডেন রংয়ের কভারসহ)	৪০০ টি		
	৭	সোফাসেট: (ফুল সেট)	৮সেট		
	৮	স্টেইজ টেবিল (গোল্ডেন কাপড়ের ঝালট সহ)	৮টি		
	৯	টি টেবিল (কভার কাপড়সহ)	০৪ টি		
	১০	সিঁড়ি (স্টেইজ সংযুক্ত)	২টি		
	১১	স্টেজের সামনে ১০ ফুট খালি জায়গায় লাল ম্যাট বিছানো দুই সারি চেয়ারের মাঝখানে লাল গালিচা বিছানো।	৮৪০ বর্গফুট		
	১২	ম্যাট কার্পেট	১৮৬০ বর্গফুট		
	১৩	স্ট্যান্ড ফ্যান বড়	৮টি		
			উদ্ধৃত মূল্য=		
			ডিসকাউন্ট (যদি থাকে)=		
			ডিসকাউন্টসহ উদ্ধৃত মোট মূল্য=		

কথায়ঃ

শর্তাবলীঃ


- ০১। দরপত্র আগামী ১৫/০২/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত সিনিয়র জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ অথবা পরিচালক পবিস মনিটরিং ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ারসাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে এবং প্রাপ্ত দরপত্র সমূহ একই দিনে বেলা ১১.০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।
- ০২। দরপত্রের খামের উপরে "প্যাভেল, গেইট ও স্টেইজ তৈরী এবং প্লাস্টিকের চেয়ার ও অন্যান্য আনুষাঙ্গিক মালামাল সরবরাহের দরপত্র" কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হইবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র খামে সীলগালা ব্যবহার পূর্বক উপরের ছক অনুযায়ী দাখিল করতে হবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না।

- ০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সী ও আয়কর সনদ এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫। সফল দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির পর অত্র পবিস কর্তৃক ধার্যকৃত দিনে মালামাল নিজ খরচে নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, সদর দপ্তর, সাওঘাট, বৃপগঞ্জ, নারায়ণগঞ্জ এ পৌঁছিয়ে সাজ সজ্জার কাজ সমাপ্ত করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।
- ০৬। মালামাল সমূহ উপরে বর্ণিত বিবরণ ও নমুনা মোতাবেক হতে হবে। মালামাল সরবরাহ/সাজ সজ্জার পর সমিতি কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে গুনগত মান যাচাই করা হবে।
- ০৭। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর পবিস/ বাপবিবো কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ও প্রত্যয়ন সাপেক্ষে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৮। দরপত্রে উল্লেখিত মালামালের পরিমাণ কম/বেশী হইতে পারে। এই ক্ষেত্রে প্রকৃত সংখ্যা/পরিমাণ অনুযায়ী বিল পরিশোধ করা হবে।
- ০৯। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিত ভাবে অনুরোধ করতে হবে।
- ১০। নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত গণ্য হবে।


 (মোঃ রফিকুল ইসলাম)
 সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (এসওডি), বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৫। সকল ডিজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
- ০৬। সকল এজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
- ০৭। এজিএম (আইটি-১), নারায়ণগঞ্জ পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিত করবেন)।
- ০৮। মের্সাস.....।
- ০৯। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-২।
- ১০। অফিস কপি/ মাস্টার কপি।


 (ইন্দ্রজিত চন্দ্র)
 এজিএম (প্রশাসন)